

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেটের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ, E-HRM ডাটাবেজ আপডেট, প্রকল্পাধীন ফায়ার স্টেশন মনিটরিং ও অফিস ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে ০৫/০৯/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

সভাপতি

: মোঃ আনিসুর রহমান
উপ পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

সভার তারিখ ও সময়

: ০৫/০৯/২০২১ খ্রিঃ ০ ১৫:০০ ঘটিকা।

স্থান

: উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর সশ্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা


: পরিশিষ্ট-‘ক’।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময়ের পর ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ, E-HRM ডাটাবেজ আপডেট, প্রকল্পাধীন ফায়ার স্টেশন মনিটরিং, অফিস ব্যবস্থাপনা ও স্থাবর সম্পত্তি নামজারি করণ ইত্যাদি বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তৃত্ব প্রদান করেন। সভায় সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা স্বাপেক্ষে নিয়েবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	অধিদপ্তর কর্তৃক ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী যথাসময়ে সূচকের মান লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে সকল কার্যক্রমের প্রমাণক যথাযথভাবে সংগ্রহপূর্বক সংরক্ষণ করতে হবে। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ ও মহড়া পরিচালনার প্রমাণক হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি/প্রধান শিক্ষক/অভিভাবক ও শিক্ষার্থীর স্বাক্ষরসহ মোবাইল নম্বর সংগ্রহ করতে হবে।	সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক ওয়ারহাউজ ইন্পেস্টর সকল ও সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার
২.	জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ	বিভাগীয় কার্যালয় ও আঞ্চলিক অফিস সমূহের জাতীয় তথ্য বাতায়ন (ওয়েবসাইট) ০৩ মাস অন্তর অন্তর আপডেট করতে হবে।	উপপরিচালক সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক
৩.	E-HRM ডাটাবেজ আপডেট	অধিদপ্তরের ওয়েবসাইট (www.fireservice.gov.bd) থেকে E-HRM ডাটাবেজ সফটওয়্যারে তথ্য ফরম সংগ্রহ করে বিভাগীয় পর্যায়ে তার আওতাধীন সকল দপ্তর/ফায়ার স্টেশনের কর্মকর্তা/কর্মচারীদের ব্যাক্তিগত তথ্য চাকরি বহির রেকর্ড অনুযায়ী আগামী ২০/০৯/২০২১ খ্রিঃ তারিখের পূর্বে নির্ভুলভাবে E-HRM ডাটাবেজ সফটওয়্যারে ইনপুট করতে হবে।	সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক
৪.	প্রকল্পাধীন ফায়ার স্টেশন মনিটরিং	আওতাধীন জেলা/উপজেলায় প্রকল্পভূক্ত নির্মাণাধীন ফায়ার স্টেশন সমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। নির্মাণ কাজের কোন ত্রুটি দেখা গেলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগকে অবহিত করে সমাধানের ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক ও উপ সহকারী পরিচালক
৫.	অফিস ব্যবস্থাপনা	এ দপ্তরের আওতাধীন সকল কার্যালয়ের কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে অফিস কম্পাউন্ড সমূহের পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, যথাসময়ে অফিসে উপস্থিতিসহ কর্ম সম্পাদন করা। সেবাগ্রহিতাদের মতামত প্রদানের জন্য রেজিস্টার চালু করা। অধিদপ্তরের চাহিত বিভিন্ন তথ্যাদি গুরুত্বের সাথে যথাসময়ে অগ্রগামীসহ অফিস ডেকোরেভো অনুযায়ী পরিচালনা করতে হবে।	সহকারী পরিচালক, উপ সহকারী পরিচালক ওয়ারহাউজ ইন্পেস্টর ও সিনিয়র/স্টেশন অফিসার সকল
৬.	স্থাবর ও অস্থাবর সম্পত্তি হালনাগাদ করণ	সে সকল দপ্তর/স্টেশনের স্থাবর ও অস্থাবর সম্পত্তির নামজারি সংক্রান্ত সমস্যা রয়েছে সেগুলি সমাধানের জন্য স্ব-শ্রয়ীরে সংশ্লিষ্ট ভূমি অফিসসহ অন্যান্য দপ্তরে যোগাযোগ করে হালনাগাদ করণের ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক, উপ সহকারী পরিচালক ও সিনিয়র/স্টেশন অফিসার সকল

৭.	উত্তম চর্চা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও সেবা প্রদান প্রতিশুত্র/সিটিজেন চার্টার সম্পর্কে জনসাধারণকে অবহিত/সচেতন করার জন্য নিয়মিত গগসংযোগ ও মহড়ার ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক ও উপ সহকারী পরিচালক
----	--	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম
উপ পরিচালক
ফোন-৮৪০২০১।

স্মারক নং-৫৮.০৩.৬০০০.০০৩.৯৯.১২৬.১৫- ১৯৮৬ (৪৪)

তারিখঃ ২১ ভাদ্র' ১৪২৮
০৮ সেপ্টেম্বর' ২০২১

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পঃ উঃ পঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ১। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
- ২। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৩। সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিলেট/হবিগঞ্জ।
- ৪। ওয়্যার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট-১ / ২ / ৩ / ৪ / ৫ / ৬।
- ৫। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, (সকল)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।



মোঃ আমিনুল ইসলাম
উপ-পরিচালক
ফোন-৮৪০২০১।